

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭০৮

১/ বিবিধ

আরবী

خمس تفطر الصائم وتنقض الوضوء: الكذب والغيبة والنميمة والنظر بالشهوة واليمين الفاجرة موضوع

رواه أبو القاسم الخرقي في "عشر مجالس من الأمالى" (2 / 224) عن عثمان بن سعيد: حدثنا بقية بن الوليد عن محمد بن الحاج عن جابان عن أنس مرفوعا. والحديث أورده ابن الجوزي في "الموضوعات" من هذه الطريق، وقال: "موضوع" وأقره السيوطي في "اللآلئ" (2 / 106) وزاد ابن عراق في "تنزيه الشريعة" (272 / 1) فقال: "قلت: رواه أبو الفتح الأزدي في "الضعفاء" في ترجمة محمد بن الحاج الحمصي، وأعلمه به وقال: لا يكتب حديثه، وقال ابن أبي حاتم في العلل (1 / 258 - 259) : "سألت أبي عن هذا الحديث فقال: هذا حديث كذب. انتهى، واقتصر الشيخ الإمام تقى الدين السبكي في "شرح المنهاج" على تضعيقه. والله أعلم". قلت: هذا الاقتصار قصور، سيما وهو مخالف لحكم إمام من الأئمة النقاد، ألا وهو أبو حاتم، وقد تبعه عليه ابن الجوزي ثم السيوطي على تساهلـه الشديد الذي عرف به! على أنه لم يسلم موقفـه تجاهـ الحديثـ منـ التناقضـ، فقد أوردـ الحديثـ فيـ الجامـعـ الصـغـيرـ منـ روـاـيـةـ الأـزـدـيـ فـيـ "الـضـعـفـاءـ"ـ،ـ وـقـدـ عـلـمـتـ مـنـ كـلـامـ اـبـنـ عـرـاقـ أـنـ الطـرـيقـ وـاحـدـ

১৭০৮। পাঁচটি বস্তু সওমপালনকারীর সওম এবং অযু ভেঙ্গে দেয়ঃ মিথ্যা বলা, গীবাত করা, চোগলখোরী করা, কামভাব সহকারে দৃষ্টি দেয়া এবং মিথ্যা কসম (শপথ) করা।

হাদীসটি বানোয়াট।

হাদিসটিকে আবুল কাসেম খারকী "আশরু মাজালিস মিনাল আমলী" গ্রন্থে (২/২২৪) উসমান ইবনু সাঈদ হতে, তিনি বাকিয়াহ ইবনুল আলীদ হতে, তিনি মুহাম্মাদ ইবনুল হাজাজ হতে, তিনি জাবান হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

হাদীসটিকে ইবনুল জাওয়ী "আলমাওয়ুয়াত" গ্রন্থে এ সূত্রেই উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি বানোয়াট। সুযুতী "আললাআলী" গ্রন্থে (২/১০৬) তা সমর্থন করেছেন এবং ইবনু ইরাক "তানযীলুশ শারীয়াহ" গ্রন্থে (১/২৭২) আরো বলেছেনঃ আবুল ফাতহ "আয যুয়াফা" গ্রন্থে মুহাম্মাদ ইবনুল হাজাজ হিমসীর জীবনীতে হাদীসটি বর্ণনা করেছেন এবং তার দ্বারাই হাদীসটির সমস্যা বর্ণনা করে বলেছেনঃ তার হাদীস লিখা যায় না। ইবনু আবী হাতিম "আলইলাল" গ্রন্থে (১/২৫৮-২৫৯) বলেনঃ আমি আমার পিতাকে এ হাদীস সম্পর্কে জিজ্ঞেস করেছিলাম, তিনি বলেনঃ এটি মিথ্যা হাদীস। আর শাহিথ ইমাম তাকিউদ্দীন সুবকী "শারত্তল মিনহাজ" গ্রন্থে হাদীসটিকে শুধুমাত্র দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি শুধুমাত্র দুর্বল আখ্যা দেয়া ক্রটিযুক্ত মন্তব্য। বিশেষ করে সমালোচনাকারী ইমামগণের কোন ইমামের সিদ্ধান্ত বিরোধী হওয়ার কারণে। আর তিনি হচ্ছেন আবু হাতিম। উল্লেখ্য যে, ইবনুল জাওয়ী তার অনুসরণ করেছেন এবং পরিচিত শিথিলতা প্রদর্শনকারী হওয়া সত্ত্বেও সুযুতীও তার অনুসরণ করেছেন। এরপরেও তিনি হাদীসটিকে আযদীর "আযযুয়াফা" গ্রন্থের বর্ণনা হতে "আলজামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72591>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন